



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

E-mail : [cdhakacommercecollege@yahoo.com](mailto:cdhakacommercecollege@yahoo.com) Website: [www.dcc.edu.bd](http://www.dcc.edu.bd)

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৭/০২/২০২৫

## স্টল বরাদ্দ বিজ্ঞপ্তি


ঢাকা কমার্স কলেজের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কলেজের ৩৩তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ আগামী ২৪ ফেব্রুয়ারি পল্লবীস্থ সিটি ক্লাব মাঠে অনুষ্ঠিত হবে। ক্ষুদে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উক্ত অনুষ্ঠানে শিক্ষার্থীদের সমন্বয়ে কয়েকটি ব্যবসায় স্টল বরাদ্দ দেয়া হবে। অনার্স ও মাস্টার্স বিভাগের শিক্ষার্থীদের মধ্য থেকে ৮টি এবং উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের মধ্য থেকে ৮জন শিক্ষার্থী উপদেষ্টার অধীনে ০৮টি সহ মোট ১৬টি স্টল বরাদ্দ দেয়া হবে। স্টল পেতে আগ্রহী শিক্ষার্থীদেরকে জনাব সমীরন পোদ্দার, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ ও জনাব সঞ্চয়ন ভট্টাচার্য, প্রভাষক, সিএসই বিভাগ প্রফেসর কাজী ফারুকী ভবনের রুম নং.৭১৮-এর নিকট ১৯/০২/২০২৫ তারিখের (সকাল ১১-১২টা) মধ্যে আবেদন জমা দেয়ার জন্য বলা হচ্ছে।

ব্যবসায় স্টলগুলোতে চা, কফি, চিপস, বিস্কুট, পিঠা, চটপটি, ফুচকা ও নানা রকম শরবত এবং সুস্বাদু খাবার সামগ্রী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ক্রয়-বিক্রয় করা যাবে।

উল্লেখ্য যে, স্টলের নাম, পণ্য সামগ্রীর ধরণ ও স্টল মালিকদের নামসহ শ্রেণি, রোল এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। সেরা ৩ টি স্টলকে পুরস্কৃত করা হবে।

  
অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ

  
১৭/২/২০২৫

আহ্বায়ক  
ক্রীড়া কমিটি-২০২৫